তারিখ 02 JUL 1996
পৃষ্ঠা ২ ... কলাম ৭

39

দৈনিক ইত্তেফাক

## টেক্সটবুক বোর্ডের দায়িত্ববোধ

আমাদের দেশে ১ম হইতে ১০ম শ্রেণী পর্যন্ত পাঠ্য বই প্রণয়ন ও প্রকাশের দায়িত্ব বাংলাদেশ টেক্সবুক ও কারিকুলাম বোর্ড-এর। এ বছর নবম শ্রেণীর বই প্রকাশ লইয়া উক্ত বোর্ড দায়িত্ববোধের যে রেকর্ড গড়িয়াছেন তাহা আমাদের সবার জানা। আমি অন্য একটি রেকর্ডের কথা বলিতে চাই। সম্প্রতি আমি ষষ্ঠ শ্রেণীর বাংলা বই-এর জনসংখ্যা বিষয়ক একটি প্রবন্ধ পড়িতে যাইয়া আশ্চর্য হই একটি তথ্য দেখিয়া। বইটিতে ১৯৭৪ সনের বাংলাদেশের জনসংখ্যা জানাইয়া ১৯৮১ সনের সম্ভাব্য জনসংখ্যা ৯ কোটি বলিয়া উল্লেখ করা হইয়াছে। বইটি গত বছর (১৯৯৫) মুদ্রিত। প্রথমে আমি মনে করিয়াছিলাম বইটি অনেক পূর্বে মুদ্রিত। কিন্তু দেখা যাইতেছে ১৯৯৫-এ মুদ্রিত বই কিনিয়া আমাদের ভবিষ্যৎ নাগরিকেরা টেক্সবুক বোর্ডের কাছ হইতে পাইতেছি ১৯৭৯-এর তথ্য। অর্থাৎ ১৯৭৯ সনে প্রথমবারের মত বইটি প্রকাশ করিয়াই কর্তৃপক্ষ তাহাদের দায়িত্ব শেষ করিয়াছেন। ১৬ বছর ধরিয়া বইটির কোন সংস্করণ হয় নাই, হইয়াছে শুধু পুনর্মুদ্রণ। এ কোন্ দেশে, কোন্ শিক্ষা ব্যবস্থায় বাস করিতেছি আমরা! সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আমি সবিনয় জানাইতে চাই, জাতিকে সঠিক শিক্ষায় শিক্ষিত করায় আপনাদের সদিচ্ছা লইয়া প্রশ্ন তোলা কি খুবই জরুরী নয়? বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—বিষ্ণু কুমার সরকার, ৪৬/, গ্রীন কর্ণার, ঢাকা।